

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭৪৪

আগরতলা, ২৩ ডিসেম্বর, ২০২০

ন্যায় পরিষেবায় ডিজিটাল পদ্ধতি চালু করা  
প্রয়োজন : সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

কোভিড- ১৯ পরিস্থিতির নিরিখে আজকের দিনে ন্যায় পরিষেবায় ডিজিটাল পদ্ধতি চালু করা খুবই প্রয়োজন। সেই লক্ষ্যে সুপ্রিম কোর্ট এবং ত্রিপুরা হাইকোর্ট ই-সেবা কেন্দ্র চালু করার উদ্যোগ নিয়েছে। সাধারণ মানুষকে আদালতের সুবিধা প্রদান করার জন্য ই-সেবা কেন্দ্র হচ্ছে একটি সঠিক চিন্তাধারা। আজ ত্রিপুরা হাইকোর্টে ই-সেবা কেন্দ্রের উদ্বোধন করে একথা বলেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি শরদ অরবিন্দ বোবদে। ই-সেবা কেন্দ্র চালুর উদ্যোগ নেওয়াতে ত্রিপুরা হাইকোর্টের প্রশংসা করে তিনি বলেন, সীমিত সম্পদের অধিকারী হয়েও ত্রিপুরার মানুষের হৃদয় অনেক উদার। এই উদারতার পরিচয় তারা ১৯৭১ সালের বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় দিয়েছিলেন অসংখ্য মানুষকে আশ্রয় দিয়ে। তিনি তার ভাষণে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে ত্রিপুরার সম্পর্ক এবং মহান সঙ্গীতকার শচীন দেববর্মণ ও রাহুল দেববর্মণের ইতিহাসও তুলে ধরেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এ কুরেশি বলেন, ডিজিটাল পরিষেবা একেবারে নতুন বিষয় না হলেও কোভিড- ১৯ পরিস্থিতিতে মানব সম্পদের সমন্বয়ে প্রযুক্তির ব্যবহার সময়ের চাহিদা হয়ে দাঁড়িয়েছে। ত্রিপুরার মানুষের উদারতার কথা চিন্তা করে সংবিধানে নিহিত সামাজিক, রাজনৈতিক ও আর্থিক ন্যায় প্রদানের ক্ষেত্রে সীমিত সম্পদ বাঁধা হয়ে দাঁড়ায়নি।

এই ই-সেবা কেন্দ্র সাধারণ মানুষের আদালত সম্পর্কিত সমস্যা সমাধানের ক্ষেত্রে ওয়ান স্টপ কেন্দ্র হিসেবে কাজ করবে। এই কেন্দ্রের মূল পরিষেবার মধ্যে রয়েছে বিচার ব্যবস্থা ও সাধারণ মানুষের মধ্যে সংযোগ তৈরি করা। এই কেন্দ্রে কম্পিউটার, স্ক্যানার, ল্যান, ইকিয়স্ক ইত্যাদি সুবিধা থাকবে। হিন্দী/ইংরেজি/স্থানীয় ভাষায় তথ্য পুস্তিকা থাকবে। এই কেন্দ্র সমস্ত কাজের দিন খোলা থাকবে এবং বিনামূল্যে সাধারণ মানুষ ও বার সদস্যদের পরিষেবা প্রদান করবে। এতে ল্যান্ডলাইন/মোবাইল/হোয়াটস অ্যাপ নম্বর থাকবে, ই-ফাইলিং অব পিটিশন, ই-স্ট্যাম্প/পেমেন্ট, ই-মুলাকাতের জন্য সময় নির্ধারণ করা, কোর্ট রায়ে সফট কপি প্রদান, বিনামূল্যে আইনী পরিষেবা প্রদান ইত্যাদি করা হবে।

অনুষ্ঠানের শুরুতে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে রবীন্দ্রনাথের কবিতা সম্বলিত এক স্মারকপত্র দিয়ে সম্মানিত করা হয় এবং অন্যান্য অতিথিদের রিসা দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি এস তলাপাত্র, এস জি চ্যাটার্জি, গৌহাটি হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এ সিং প্রমুখ।

\*\*\*\*\*